

মদের বিল নিয়ে ঢাবি ছাত্রলীগের সংঘর্ষ, আহত ১০

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক
রাষ্ট্রধানীর শাহবাগে শিকক বারে মদের বিল পরিপোষ করাকে কেন্দ্র করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগ ও বার কর্মীদের সঙ্গে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে উভয় পক্ষের অন্তত ১০ জন আহত হয়েছেন। বুধবার রাত ১টার দিকে এ ঘটনা ঘটে। এ ঘটনায় ছাত্রলীগের ঢাকা বিশ্ববিদ্যালয়ের সলিমুল্লাহ মুসলিম (এসএম) হল শাখার সভাপতি মেহেদি হাসানকে সাময়িকভাবে বহিষ্কার করা হয়েছে।

ছাত্রলীগ সূত্র জানায়, বুধবার রাত সাড়ে ১২টার দিকে মদের দোকানে বিল পরিপোষ করাকে কেন্দ্র করে এসএম হলের সভাপতি মেহেদি হাসান বার কর্মীদের সঙ্গে কথা কাটাকাটিতে জড়িয়ে পড়েন। এক পর্যায়ে মেহেদীকে বেধড়ক প্রহার করে বারকর্মীরা। এ খবর শুনে হলের সাধারণ সম্পাদক নিজামুল ইসলাম দিনার এবং ছাত্রলীগের কেন্দ্রীয় কুলবিষয়ক সম্পাদক হাসানুল হক বাহার নেতৃত্বে শতাধিক ছাত্রলীগ কর্মী মদের দোকানে হামলা চালায়। এতে উভয় পক্ষের মধ্যে সংঘর্ষ শুরু হয়। এ সময় ছাত্রলীগ কর্মীরা দোকান লক করে ইটপাটকেল ছুড়ে এবং বারের কর্মীরা ছাত্রলীগ কর্মীদের লক করে মদের খালি বোতল ছুড়তে থাকে। সংঘর্ষে উভয় পক্ষের মোট ১০ জন আহত হন। আহতদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। সংঘর্ষের সময় বারের কর্মীরা ছাত্রলীগের একটি মোটরসাইকেলে আগুন ধরিয়ে দেয়।

এ ঘটনায় ছাত্রলীগের বিশ্ববিদ্যালয় শাখার এক সভায় এসএম হলের সভাপতি মেহেদি হাসানকে সাময়িক বহিষ্কার, সাধারণ সম্পাদক দিনার ও জিয়া হল সভাপতি আবু সালামান প্রধান শাওনকে সতর্ক করা হয়েছে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক ওমর শরীফ।